



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১- ৫৩৩

তারিখঃ- ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২১ খ্রিঃ

বিষয় : “Small Business and Entrepreneurship Development” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে যুব সংগঠনের সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ১৭-১১-২০২১ খ্রিঃ তারিখ হতে ৩০-১১-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ সপ্তাহ মেয়াদী যুব সংগঠনের সদস্যদের জন্য “Small Business and Entrepreneurship Development” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত জেলার পার্শ্বে উল্লেখিত সংখ্যক যুব সংগঠনের সদস্য/সদস্যা মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
০১	ঢাকা	০৩ জন	১০	চুয়াডাঙ্গা	০২ জন
০২	গাজীপুর	০২ জন	১১	কুষ্টিয়া	০২ জন
০৩	নারায়নগঞ্জ	০২ জন	১২	মাগুরা	০২ জন
০৪	শরীয়তপুর	০২ জন	১৩	ঝিনাইদহ	০২ জন
০৫	ফরিদপুর	০২ জন	১৪	পটুয়াখালী	০২ জন
০৬	ব্রাহ্মণবাড়ীয়া	০২ জন	১৫	মৌলভীবাজার	০২ জন
০৭	নোয়াখালী	০২ জন	১৬	গাইবান্ধা	০২ জন
০৮	ফেনী	০২ জন	১৭	শেরপুর	০২ জন
০৯	রাজশাহী	০২ জন			
সর্বমোট =					৩৫ জন

প্রশিক্ষণার্থী নির্বাচনে আবশ্যিক বিষয়সমূহ:

- ০১। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এস.এস.সি/সমমান এবং বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর হতে হবে। তবে স্বীকৃতিপ্রাপ্ত সংগঠনের সদস্যদের বয়সসীমা শিথিলযোগ্য।
- ০২। প্রার্থীগণকে যুব সংগঠনের সদস্য/সদস্যা হতে হবে এবং যুব নারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- ০৩। এস.এস.সি /সমমান সনদের সত্যায়িত ফটোকপি ও NID-র ফটোকপি সঙ্গে আনতে হবে।
- ০৪। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক খাওয়া এবং অন্যান্য ব্যয় বাবদ ৩০০/- (তিনশত) হারে ভাতা প্রদান করা হবে।
- ০৫। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে গড়ে ২,০০০/- (দুই হাজার) টাকা (দূরত্বের উপর কম-বেশী হবে) যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ০৬। ইতোপূর্বে অত্র ইনস্টিটিউটের প্রশিক্ষণ কোর্সে যাদের মনোনয়ন দেয়া হয়েছিল তারা মনোনয়ন যোগ্য হবে না।
- ০৭। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে কোর্স শুরুর আগের দিন (১৬-১১-২০২১খ্রিঃ তারিখ মঙ্গলবার) বিকাল ০৫:০০ ঘটিকায় ইনস্টিটিউটের হোস্টেল সুপারিনটেনডেন্ট এর নিকট আবশ্যিকভাবে রিপোর্ট করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

প্রাপক : উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর,-----জেলা।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১- ৫৩৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)/(প্রশাসন ও অর্থ), শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক, আ.সি.টি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন, অর্থ, গবেষণা, প্রকাশনা), ফিজিক্যাল ইন্সট্রাক্টর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ০৬। কম্পিউটার অপারেটর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।

স্বাক্ষরিত/-


মোঃ মিজানুর রহমান

পরিচালক (অ. দা.)

ফোন : ০২-২২৪৪৯২১১৮

E-mail : shnycbd@gmail.com

তারিখঃ- ২২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২১ খ্রিঃ



(ড. মোঃ শহীদুল ইসলাম)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

ফোন : ০২-২২৪৪৯১৮৬০

মোবাইল- ০১৭১৩৬২৮৬৭১

shnycraining@gmail.com